Total No. of Printed Pages—7

**HS/XII/A/b/13**

**2 0 1 3**

# BENGALI

## ( Elective )

*Full Marks* : 100

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*General Instructions* :

(i) Write all the answers in the Answer Script.

(ii) Attempt Part—A Objective type Questions serially.

(iii) Attempt all parts of a question together at one place.

( PART : A—OBJECTIVE )

( *Marks* : 50 )

SECTION—I

( *Marks* : 25 )

১। শূন্যস্থানে সঠিক শব্দটি চয়ন করে উত্তর লেখ (যে কোনো **পাঁচটি**) : ১×৫=৫

(ক) লেখা ভাল হইলে —— আপনি আসিবে। ( ধন/যশ / টাকা)

(খ) লেখার উদ্দেশ্য —— বুঝান ।

( সমাজকে / পাঠককে / ব্যক্তিকে)

(গ) যত বলি নাই ——, মলিন হয়েছে বাতি।

(সাথী / রাতি / ওগো)

(ঘ) সই, কেবা শুনাইল —— নাম।

(শ্যাম / রাধা / রাম)

(ঙ) তোমা বিনা অযোধ্যা —— অন্ধকার।

(প্রভাতে / গভীর / দিবসে)

(চ) অতি বড় বৃদ্ধ পতি সিদ্ধিতে —— ।

(ভরপুর / সিদ্ধ / নিপুণ)

(ছ) মহাভারতের সর্বাপেক্ষা জনপ্রিয় কবি ——।

(কৃত্তিবাস / বাল্মীকি / কাশীরাম দাস)

(জ) আবার আসিব ফিরে ধানসিড়িটির —— ।

(তীরে / পারে / ধারে)

২। সত্য *অথবা* মিথ্যা নির্ণয় করে উত্তর-পত্রে লেখ (যে কোনো **দশটি**) : ১×১০=১০

(ক) 'পাদুকা গ্রহণ' কবিতায় শ্রীরামের পাদুকা ভরত শিরে ধরেছিলেন।

(খ) কুম্ভকর্ণের অন্যতম নাম দশানন।

(গ) 'নিবিছে দেউটি'—দেউটি অর্থ দেবালয়।

(ঘ) "হয়তো দেখিবে চেয়ে সুদর্শন উড়িতেছে সন্ধ্যার বাতাসে।" সুদর্শন অর্থ এক রকমের পাখী।

(ঙ) প্রতাপাদিত্য যশোহরের রাজা।

(চ) ধনঞ্জয় চন্দ্রদ্বীপের যুবরাজ।

(ছ) পোর্তুগীজ সেনাপতির নাম ছিল ফার্নাণ্ডিজ।

(জ) বাঙ্গালা সাহিত্য, বাঙ্গালার ভরসা।

(ঝ) অলঙ্কার প্রয়োগ বা রসিকতার জন্য চেষ্টিত হইবেন না।

(ঞ) যা লিখবেন তা-ই তৎক্ষণাৎ ছাপিয়ে ফেলবেন।

(ট) প্রাচীন বাংলা সাহিত্যের সমস্ত রচনাই গদ্যে রচিত।

(ঠ) রামপ্রসাদ সেন বাংলা গদ্যের রূপকার।

(ড) বাংলা গদ্যসাহিত্যের উন্নতির সাথে শ্রীরামপুর মিশন বিশেষভাবে সংযুক্ত।

৩। নিম্নলিখিত যে কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

(ক) ‘‘পাসরিতে করি মনে, পাসরা না যায় গো।’’ পাসরা শব্দের অর্থ কি?

(খ) ‘‘অপরাধ ক্ষমা করি’ চল প্রভু দেশ।’’ কার উক্তি?

(গ) ‘‘ত্বরায় আনিল নৌকা বামাস্বর শুনি।’’ যে নৌকা আনল তার নাম কি?

(ঘ) ‘প্রায়শ্চিত্ত’ নাটকানুসারে প্রতাপাদিত্যের পিতৃব্যের নাম লেখ।

(ঙ) ‘‘একটি বয়েত আছে—তলোয়ারে শত্রুকে জয় করা যায়—কিন্তু সঙ্গীতে শত্রুকে মিত্র করা যায়।’’ উক্তিটি কার?

(চ) প্রতাপাদিত্যের পুত্রের নাম কি?

(ছ) ‘‘সোণে ভরিতি করুণা নাবী।’’ ‘নাবী’ অর্থ কি?

(জ) ‘চর্যাপদ’ গ্রন্থ কোথায় আবিষ্কার হয়েছে?

(ঝ) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ গ্রন্থের লেখক কে?

(ঞ) মুকুন্দরাম চক্রবর্তীর বিখ্যাত গ্রন্থের নাম কি?

(ট) ‘মনসামঙ্গল’ অনুসারে চাঁদসদাগরের পুত্রবধূর নাম লেখ।

(ঠ) চাঁদসদাগর কোন্ দেবতাকে ‘চ্যাংমুড়ি কাণি’ নামে সম্বোধন করতেন?

## SECTION—II

( *Marks* : 25 )

৪। যে কোনো **পাঁচটি** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ৫×৫=২৫

(ক) ‘‘ঈশ্বরীরে পরিচয় কহেন ঈশ্বরী।’’ ‘অন্নদার আত্মপরিচয় ও ভবানন্দ ভবনে গমন’ কবিতানুসারে ‘ঈশ্বরী’র পরিচয় লিপিবদ্ধ কর।

(খ) ‘‘অযোধ্যা-ভূষণ তুমি অযোধ্যার সার।’’ উক্তিটি কে, কার প্রতি করেছেন? কবিতা ও কবির নাম লেখ।

(গ) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ গ্রন্থটি কে এবং কোথায় আবিষ্কার করেছিলেন? ঐ গ্রন্থে প্রকাশিত ‘‘কে না বাঁশী বাঞ বড়ায়ী কালিনী নই কূলে’’ বাক্যটিকে আধুনিক বাংলায় প্রকাশ কর।

(ঘ) কবি কৃত্তিবাসের জীবন ও সাহিত্যকৃতির পরিচয় সংক্ষেপে লিপিবদ্ধ কর।

(ঙ) বঙ্কিমচন্দ্র তাঁর 'বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন' শীর্ষক নিবন্ধে যেসকল উপদেশ দিয়েছেন তার মধ্যে যে কোনো একটি উপদেশ লেখ।

(চ) 'প্রায়শ্চিত্ত' নাটক অনুসারে চন্দ্রদ্বীপ ও যশোহরের রাজাদের নাম লেখ এবং তাঁদের পরস্পরের সম্পর্ক নির্ণয় কর।

(ছ) রাজা প্রতাপাদিত্যের পুত্র, কন্যা ও পুত্রবধূদের নাম লেখ।

## ( PART : B—DESCRIPTIVE )

( *Marks* : 50 )

৫। নিম্নলিখিত যে কোনো **একটি** অংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা কর : ৮

(ক) ''ধরে ছত্র ছত্রধর ; আহা
হর কোপানলে কাম যেন রে না পুড়ি
দাঁড়ান সে সভাতলে ছত্রধর রূপে।''

(খ) ''কণ্ঠ আমার রুদ্ধ আজিকে বাঁশী সঙ্গীত হারা
অমাবস্যার কারা
লুপ্ত করেছে আমার ভুবন দুঃস্বপনের তলে।''

(গ) ''সকল অলঙ্কারের শ্রেষ্ঠ অলঙ্কার সরলতা। যিনি সোজা কথায় আপনার মনের ভাব সহজে পাঠককে বুঝাইতে পারেন, তিনিই শ্রেষ্ঠ লেখক।''

৬। নিম্নলিখিত যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখ : ১০

(ক) 'পাদুকা গ্রহণ' কবিতায় কে এবং কেন, কার পাদুকা গ্রহণ করেছিলেন? কবিতার বিষয়বস্তু সংক্ষেপে লিপিবদ্ধ কর।

(খ) মাইকেল মধুসূদন দত্তের 'দশাননের বিলাপ' কবিতা অনুসারে পুত্রহারা রাবণের করুণ আলেখ্য অঙ্কন কর।

(গ) কবি জীবনানন্দ দাস 'আবার আসিব ফিরে' কবিতায় যে দেশে ফিরে আসবেন বলে আশা প্রকাশ করছেন, সে দেশের বর্ণনা দাও।

৭। নিম্নলিখিত যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ''অনুকরণ মাত্রই অনিষ্টকারী নহে।'' বঙ্কিমচন্দ্রের এই মন্তব্যের পরিপ্রেক্ষিতে 'অনুকরণ' শীর্ষক প্রবন্ধের মূল্যায়ন কর।

(খ) ''... মানুষের জীবন ভালবাসার অত্যাচারে পরিপূর্ণ।'' বঙ্কিমচন্দ্রের 'ভালবাসার অত্যাচার' প্রবন্ধের আলোকে এই উদ্ধৃতিটির মূল্যায়ন কর।

(গ) 'বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি' শীর্ষক প্রবন্ধে বঙ্কিমচন্দ্র লেখকদেরকে যে সমস্ত উপদেশ দান করেছেন, সেগুলির পরিচয় দাও।

৮। নিম্নলিখিত যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'প্রায়শ্চিত্ত' নাটকানুসারে প্রতাপাদিত্য-উদয়াদিত্য *অথবা* ধনঞ্জয় বৈরাগী —যে কোনো একজনের চরিত্র অঙ্কন কর।

(খ) 'প্রায়শ্চিত্ত' নাটকের কাহিনী সংক্ষেপে লেখ।

(গ) 'প্রায়শ্চিত্ত' নাটকের চরিত্রগুলির নাম লেখ এবং তাদের পরস্পরের সম্পর্ক প্রর্দশন কর।

৯। নিম্নলিখিত যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১২

(ক) 'চর্যাপদ' গ্রন্থ কে এবং কোথায় আবিষ্কার করেছিলেন? 'চর্যাপদ'-এর বিষয়বস্তু আলোচনা কর।

(খ) মঙ্গলকাব্য সাহিত্যে 'চণ্ডীমঙ্গল'-এর কবি মুকুন্দরাম চক্রবর্তীর মূল্যায়ন কর।

(গ) বৈষ্ণব পদকর্তা জ্ঞানদাস *অথবা* গোবিন্দদাসের জীবন এবং তাঁদের রচিত সাহিত্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) নিম্নলিখিত যে কোনো **দুজনের** বিষয়ে টীকা লেখ :

কাশীরাম দাস ; শ্রীচৈতন্যদেব ; চণ্ডীদাস ; রামপ্রসাদ সেন ; কৃত্তিবাস ; চাঁদসদাগর।

★★★